



সচিব  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ  
অর্থ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## শুভেচ্ছা বাণী

আমি জেনে অত্যন্ত আনন্দিত হয়েছি যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ২০১৮ সালে ২৫ বছরে পদার্পণ করেছে। এ উপলক্ষে বাংলাদেশ পুঁজিবাজারের পথ পরিক্রমায় কমিশন সপ্তাহ ব্যাপী রজতজয়ন্তী অনুষ্ঠানের আয়োজন করতে যাচ্ছে।

কন্ট্রোলার অব ক্যাপিটাল ইস্যুজ-কে বিলুপ্ত করে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর মাধ্যমে ৮ জুন ১৯৯৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয়। বর্তমান সরকারের সময়ে পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন আইন সংশোধন, নতুন আইন প্রণয়ন, বিধি-বিধান প্রণয়ন ও সংশোধনের মাধ্যমে এবং বহুমুখী প্রশাসনিক সংস্কার বিশেষ করে, এক্সচেঞ্জেস ডিমিউচুয়ালাইজেশন আইন, ২০১৩ এবং ১০ বছর মেয়াদী মাস্টারপ্লান প্রণয়ন, আধুনিক সার্ভেইল্যান্স সিস্টেম স্থাপন, স্পেশাল ট্রাইবুনাল গঠন, ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের জন্য স্বল্প সুদে ৯০০ কোটি টাকার প্রণোদনা তহবিল গঠন ইত্যাদি উল্লেখযোগ্য পদক্ষেপ পুঁজিবাজারে শৃঙ্খলা প্রতিষ্ঠায় সহায়তা করেছে। বর্তমানে এক্ষেত্রে স্থিতিশীল অবস্থা বিরাজ করছে। এর ফলে পুঁজিবাজারের নিয়ন্ত্রণকারী সংস্থা বিএসইসি'র কার্যক্ষমতাও অনেক গুণ বৃদ্ধি পেয়েছে। আশাকরি এ ধারা ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

আমি আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থমন্ত্রণালয় এর পক্ষ হতে বিএসইসি'র রজত জয়ন্তী অনুষ্ঠানের সর্বাংগীণ সাফল্য কামনা করছি।

মো: আসাদুল ইসলাম

